

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।
www.kaliganj.gazipur.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.১৬.০০১.২৪- ৫৪৫

তারিখ: ২৩ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ
০৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, কালীগঞ্জ, গাজীপুর এর পরিচালনার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাৎসরিক চুক্তি ভিত্তিক নিম্নোক্ত ০২ টি পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আত্মহী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	মাসিক বেতন ও ভাতাদি	বেতন ও ভাতা
০১	তত্ত্বাবধায়ক কাম- কম্পিউটার অপারেটর	০১ জন	এইচএসসি বা স্নাতক/সমমান। এইচএ সসি/সমমান এর ক্ষেত্রে ন্যূনতম জিপিএ-৪.০০ প্রাপ্ত এবং স্নাতক/সমমান এর ক্ষেত্রে জিপিএ-৩.০০ প্রাপ্ত।	নিয়োগ প্রকাশের তারিখে সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর।	সর্বসাকুল্যে মাসিক বেতন ১৫০০০/- টাকা এবং মাসিক বেতনের সমপরিমাণ ০২ টি বাৎসরিক উৎসব ভাতা প্রদান করা হবে।	কম্পিউটারের প্রশিক্ষণ সনদ আবশ্যিক এবং টাইপের গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ২৫ শব্দ হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে।
০২	নিরাপত্তা প্রহরী	০১ জন	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	নিয়োগ প্রকাশের তারিখে সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর।	সর্বসাকুল্যে মাসিক বেতন ১০০০০/- টাকা এবং মাসিক বেতনের সমপরিমাণ ০২ টি বাৎসরিক উৎসব ভাতা প্রদান করা হবে। গ্রীষ্মকালীন ০২ সেট ও শীতকালীন ০২ সেট পোষক প্রদান করা হবে।	অভিজ্ঞ, সুঠাম দেহের অধিকারী , উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৬” ইঞ্চি ও স্থানীয়দের অগ্রাধিকার দেয়া হবে।

আবেদন সংশ্লিষ্ট নিয়মাবলীঃ

- ০১। আত্মহী প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরমে ১০ জুলাই ২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করতে হবে।
- ০২। আবেদন গুরুতর তারিখ ২৫ জুন ২০২৪ খ্রি. তারিখ হতে ১০ জুলাই ২০২৪ খ্রি তারিখ পর্যন্ত।
- ০২। আবেদন ফি বাবদ ২০০/- টাকা (অফেরত যোগ্য)।
- ০৩। আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর হতে সংগ্রহ ও জমা প্রদান করতে হবে।
- ০৪। আত্মীয় নয় এমন ০২ জন চাকুরিরত রেফারেন্সকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর সংযুক্ত করতে হবে।
- ০৫। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও দুই কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৬। অবশ্যই পরিবারের অথবা নিজের মোবাইল নম্বর দিতে হবে।

শর্তসমূহঃ

- ০১। আহবায়ক কমিটি/পরিবর্তীতে নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সদস্য বা তাদের পরিবারের কোন সদস্য এসকল পদের জন্য আবেদন করতে পারবে না।
- ০২। অন্য বীর মুক্তিযোদ্ধা পোষ্যগণ এ পদে নিয়োগের জন্য অগ্রাধিকার পাবেন।
- ০৩। কোন প্রার্থীর স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্য গোপন করে নির্বাচিত হলে/নিয়োগ পেলে তা প্রমাণিত হওয়া মাত্র চাকুরিচ্যুত করা হবে।
- ০৪। খামের উপর পদের নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ০৫। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য ডাকা হবে।
- ০৬। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ০৭। ০১ নং পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এস.এম. ইমাম রাজী টুলু
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।

মোবা: ০১৭৮৩৮৬৯০৩০

E-mail: unokaliganj@mopa.gov.bd